দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 21 APR 2003
পৃষ্ঠা ...

# শিক্ষক কর্মচারীদের হয়রানি বন্ধে রাষ্ট্রপতির হস্তক্ষেপ কামনা

স্টাফ রিপোর্টার ॥ শিক্ষক কর্মচারীদের হয়রানি বন্ধে রাষ্ট্রপতির হস্তক্ষেপ কামনা করেছে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন। এই দাবিতে ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ ও সেক্রেটারি জেনারেল

(৭- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## '২২ মে আন্দোলন কর্মসূচী

(৮-এর পাতার পর)

থেকে শিক্ষক-শিক্ষিকারা মুক্তাঙ্গনে মিলিত হন। সকাল ১১টায় সমিতির কেন্দ্রীয় সভাপতি মোহাম্মদ শামসুল আলমের নেতৃত্বে একটি প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর কার্যালয়ে স্মারকলিপি প্রদান করে। স্মারকলিপিতে বলা হয়, দেশে প্রায় ২৩ হাজার বেসরকারী প্রাথমিক স্কুল রয়েছে। এসব স্কুলে প্রায় লক্ষাধিক শিক্ষক-শিক্ষিকা কর্মরত রয়েছেন। এসব শিক্ষক-শিক্ষিকার চাকরি জাতীয়করণ না হওয়ায় তাঁরা মানবেতর জীবনযাপন করছেন বলে অভিযোগ করা হয়। স্মারকলিপিতে প্রধানমন্ত্রী খালেদা জিয়ার নির্বাচনপূর্বে চাকরি জাতীয়করণের প্রতিশ্রুতি বাস্তবায়নের আহ্বান জানানো হয়েছে। এর আগে সমাবেশে বক্তব্য রাখেন আব্দুর রহমান বাচ্চু, এমএ মান্নান, আব্দুল জব্বার, জয়নুল আবেদিন, আলমগীর কবির, মহিউদ্দিন বাবুল, ফজলে রাব্বী, সাবিনা সুলতানা, জাহাঙ্গীর আলম, আবুল কাশেম প্রমুখ। পরে শিক্ষক ও শিক্ষিকারা বিভিন্ন ব্যানার, প্লাকার্ড ও ফেস্টুন নিয়ে মিছিল বের করে।